গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৩৩

## টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-এর বিভাগীয় পর্যালোচনা সভা অনুষ্ঠিত
## টিকা প্রদানে সারাদেশে সবচেয়ে এগিয়ে রাজশাহী বিভাগ

রাজশাহী, ১৭ কার্তিক (০২ নভেম্বর) :

চলমান টাইফয়েড টিকাদান ক্যাম্পেইনে সারা দেশের মধ্যে রাজশাহী বিভাগ সবার চাইতে এগিয়ে আছে। ১ নভেম্বর পর্যন্ত বিভাগের পাবনা, চাঁপাইনবাবগঞ্জ এবং সিরাজগঞ্জ জেলা টিকা প্রদানে সারাদেশের মধ্যে যথাক্রমে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থানে অবস্থান রয়েছে। অন্যদিকে সিটি কর্পোরেশনগুলোর মধ্যে রাজশাহী সিটি কর্পোরেশনের অর্জন সবচেয়ে ভালো। আজ (২ নভেম্বর) বিকালে রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ-এর সভাপতিত্বে তাঁর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-এর বিভাগীয় পর্যালোচনা সভায় এসব তথ্য জানিয়েছে ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধিরা। রাজশাহী বিভাগীয় স্বাস্থ্য দপ্তর-এ পর্যালোচনা সভা আয়োজন করে। বিভিন্ন সরকারি দপ্তরের দপ্তর প্রধানগণ সভায় অংশগ্রহণ করেন।

সভায় জানানো হয়, ১ নভেম্বর পর্যন্ত এ বিভাগে ৩৬ লাখের বেশি শিশুকে টিকা দেওয়া হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৭০ শতাংশ। এ সময় পর্যন্ত যে লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল পাবনা জেলায় তার চাইতেও বেশি শিশু টিকা নিয়েছে। রাজশাহী সিটি কর্পোরেশন এলাকাতেও লক্ষ্যমাত্রার সমানসংখ্যক শিশুকে টিকা দেওয়া হয়েছে। তবে বিভাগের সবচেয়ে খারাপ অবস্থানে রয়েছে নওগাঁ জেলা, সেখানে গতকাল পর্যন্ত ৬২ শতাংশ শিশু টিকা পেয়েছে।

সভায় সভাপতির বক্তব্যে বিভাগীয় কমিশনার নওগাঁ জেলাসহ যে-সব স্থান টিকাদানে পিছিয়ে আছে তাদেরকে আরও সক্রিয় হতে অনুরোধ করেন এবং রাজশাহী যেন দেশের শীর্ষস্থান ধরে রাখতে পারে সেজন্য সকলকে আরও আন্তরিক হওয়ার পরামর্শ প্রদান করেন।

উল্লেখ্য যে, গত ১ থেকে ৩১ অক্টোবর পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিশুদের টাইফয়েডের টিকা দেওয়া হয়েছে। এখন কমিউনিটি পর্যায়ে টিকা দেওয়া চলছে। তবে শিক্ষা প্রতিষ্ঠানে বাদ পড়া শিশুরাও কমিউনিটি থেকে টিকা গ্রহণ করতে পারবে।

.......................................................

তৌহিদ/আতিক/স্মিতা/২০২৫/১৯.০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd